

গাইবান্ধায় বরাদ্দকৃত উপবৃত্তির অর্থ প্রদানের দাবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

প্রতিনিধি, গাইবান্ধা

বরাদ্দকৃত উপবৃত্তির অর্থ প্রদানের দাবিতে গাইবান্ধা সদর উপজেলার রামচন্দ্রপুর ইউনিয়নের বাসুন্না বাকের চার বিদ্যালয়ের ৩ শতাধিক ছাত্রছাত্রী মানববন্ধন কর্মসূচি পালন করেছে। জানা গেছে, লিফা উন্নয়ন কর্মসূচির আওতায় প্রত্যেকটি মাধ্যমিক বিদ্যালয়ের শতকরা ৪০ জন ছাত্রছাত্রীদের আনুষ্ঠান থেকে জুলাই মাসের জন্য ছেদবীদের ৭৫০ টাকা এবং সাধারণ শিক্ষার্থীদের জন্য ৩৯০ টাকা বরাদ্দ করা হয়। রহমতপুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, রহমতপুর এমএম উচ্চ বিদ্যালয়, গড়দিঘি ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রামচন্দ্রপুর বালিকা উচ্চ বিদ্যালয় ও হরিণ সিংহ আদর্শ উচ্চ বিদ্যালয় তাদের চাহিদা অনুযায়ী ছাত্রছাত্রীদের নামের জালিকা কর্তৃপক্ষের কাছে জমা দেন। শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল ও উপবৃত্তির ভিত্তিতে বিদ্যালয় থেকে পাঠানো কিছু নাম বাদ দিয়ে ছাত্রছাত্রীদের নামে অর্থ বরাদ্দ হয়। রহমতপুর এমএম উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আবদুল্লা আল মামুন জানান, কর্তৃপক্ষ উপবৃত্তি ভোগীদের তালিকা নামের জালিকা ও নামের বিপরীতে চেক কাছার সংবলিত একটি পত্র আমাদের কাছে পাঠিয়েছেন তা সত্ত্বেও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের শিক্ষার্থীদের উপবৃত্তির অর্থ প্রদান

করছেন না। গত মঙ্গলবার হরিণ সিংহ আদর্শ উচ্চ বিদ্যালয়ে পাঁচটি বিদ্যালয়ের উপবৃত্তির অর্থ প্রদান করার কথা থাকলে উপবৃত্তির জালিকাকৃত পাঁচ বিদ্যালয়ের সব ছাত্রছাত্রী এই বিদ্যালয়ে উপস্থিত হলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কর্মসূচি পরিচালনা করবে হরিণ সিংহ আদর্শ উচ্চ বিদ্যালয় ছাত্র সব বিদ্যালয়ের কিছু জালিকাকৃত নাম বাদ দিয়ে উপবৃত্তির অর্থ প্রদানের কথা জোষণা দিলে চার বিদ্যালয়ের সব ছাত্রছাত্রী ৪-৫ নামে বরাদ্দকৃত অর্থ প্রদানের দাবিতে উপবৃত্তি বর্জন করে এবং মানববন্ধন কর্মসূচি পালন করে। মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন রহমতপুর এম এম উচ্চ বিদ্যালয়ের সভাপতি কমিটির সভাপতি আবদুল্লা আল মামুন, অভিভাবক মকবুল হোসেন, রামচন্দ্রপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী শরীফা আক্তার, রোকসানা আক্তার, রহমতপুর আদর্শ উচ্চ বালিকা বিদ্যালয়ের ভারতুল নাইন, চম্পা আক্তার প্রমুখ। বক্তারা ছাত্রছাত্রীদের নামে বরাদ্দকৃত অর্থ অবিলম্বে প্রদান করার দাবি জানান।